

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় পরিবেশ অধিদপ্তরের শব্দদূষণ নিয়ন্ত্রণে মোবাইল কোর্ট

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২৬, ০৭:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার অংশে কুমিল্লা-সিলেট মহাসড়কে জেলা প্রশাসন, পরিবেশ অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয়ার যৌথ উদ্যোগে (১৫ সেপ্টেম্বর) শব্দদূষণের বিরুদ্ধে পরিচালিত মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মোবাইল কোর্টে অনুমোদিত মাত্রার অধিক শব্দ উৎপন্ন ও হাইড্রোলিক হর্ন ব্যবহার করায় ১ টি পরিবহনকে ১০০০ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং গাড়িগুলো থেকে ২ টি হর্ন জব্দ করে বিনষ্ট করা হয় এবং একই সাথে প্রায় ১০ টি বাস ট্রাক অটোতে শব্দদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত স্টিকার সেটে দেয়া হয়।

মোবাইল কোর্ট পরিচালনা করেন, জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট এন.এম কায়সার। প্রসিকিউশন প্রদান করেন, পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক মোঃ রাখিবুল হাসান এবং বাংলাদেশ পুলিশ বাহিনীর সদস্যরা সহযোগিতা করেন।

পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক মোঃ রাখিবুল হাসান জানান, এরূপ কার্যক্রম পরিবেশ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় কর্তৃক অব্যাহত

থাকবে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে টাইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-pribesh-odhidptrer-shbddushn-niyntne-mobail-kort>